



কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

কক্সবাজার সদর

Website: pbs.coxsbazar.gov.bd

E-mail: coxpbs@gmail.com



স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০২.০০৮.২৬. ৬৬৪৯

তারিখঃ

২৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ

১০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এ ‘লাইন টেকনিশিয়ান’ এর শূণ্য পদ পূরণের লক্ষ্যে “পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)” ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী “লাইনম্যান গ্রেড-১” গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদ সংখ্যা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	লাইন টেকনিশিয়ান	০৪ টি (কম/বেশী হতে পারে)	ক) এসএসসি বা সমমান পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইন ক্রু হিসেবে মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে। খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী অত্যাৱশ্যকীয় লাইনম্যান ট্রেনিং কোর্স-এ উত্তীর্ণ হতে হবে। ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা ও বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে জ্ঞান থাকতে হবে। ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। ছ) অধিনস্থ লাইনক্লগকে নিয়ন্ত্রণ, সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। জ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে।

শর্তাবলী :

০১। (i) আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও নিয়মিত করণের তারিখ, (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতির তারিখ এবং (ড) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ২৪-০৯-২০২৬ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/ কুরিয়ারযোগে/হাতে হাতে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(ii) আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

(iii) আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের ক্ষেত্রে বাপবিবো স্মারক নং: ২৭.১২.০০০০.০০০.১১০.৫২. ০০০২.২৬.৭০০, তারিখ: ১২-০৪-২০২৬ খ্রি. এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০২। আবেদন পত্রের সাথে নিম্নে বর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে:

- (ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি;
- (খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ ও ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;
- (গ) সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন রেটিং এর সত্যায়িত অনুলিপি;
- (ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি;
- (চ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- (ছ) লাইন টেকনিশিয়ান পদে পদোন্নতির আবেদনের সাথে হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
- (জ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও অনাপত্তির সনদ পত্র, বিগত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা উল্লেখ পূর্বক বর্তমানে তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

Handwritten signature

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না :

(ক) কোন কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করা হলে তিনি তার দণ্ড ভোগের মেয়াদ শেষে লঘু দণ্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বছর যোগ্য বিবেচিত হবেন না (দণ্ডদেশে দণ্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দণ্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে)।

(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দণ্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(ঘ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, ফৌজদারী মামলা অবসানের পর কোনরূপ দণ্ডপ্রাপ্ত না হলে ফৌজদারী মামলায় অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে:

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের “পদ বিবরণী”তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে;

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-১৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে;

(গ) “পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২” এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাত্ক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

০৬। লাইনম্যান গ্রেড-১ হিসেবে যে স্থায়ী ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্ব” হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে লাইন টেকনিশিয়ান পদে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় সংশ্লিষ্ট পদে দক্ষতার মান উন্নয়নের জন্য চলতি দায়িত্বের মেয়াদ অনধিক সর্বোচ্চ ০৬ (ছয়) মাস বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধা সংরক্ষণ করা হবে।

০৯। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা যথা-কক্সবাজার জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলা ও বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারী, সোনাইছড়ি, ঘুমধুম এবং লামা উপজেলার লামা ফাঁসিয়াখালী ও ফাইতং ইউনিয়ন) প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।


১০। বর্ণিত পদে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(প্রকৌঃ মোঃ হোসেন হোসেন বিশ্বাস)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

২. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।

৫. সকল ডিজিএম, কক্সবাজার পবিস।

৬. এজিএম (ওএন্ডএম), পেকুয়া সাব জোনাল অফিস, কক্সবাজার পবিস।

৭. এজিএম-প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা, কক্সবাজার পবিস।

৮. এজিএম-(আইটি), কক্সবাজার পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।

৯. নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস।

১০. অফিস কপি/মাস্টার কপি।


(প্রকৌঃ মোঃ হোসেন হোসেন বিশ্বাস)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)